# বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট

## বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০২

**বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত কৃষি মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটে বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি (এপ্রিল ২০২৫ পর্যন্ত) পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভার তারিখ : ৩০-০৫-২০২৫ খ্রি.
সময় : সকাল ১১.৩০ ঘটিকা
স্থান : সভা কক্ষ
সভাপতি : ড. মো: আবুল কালাম আজাদ
মহাপরিচালক, বিনা, ময়মনসিংহ
উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিএসও এবং প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা এডিপিভুক্ত প্রকল্প ও কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। গত ০৯ এপ্রিল ২০২৫ তারিখে অনুষ্ঠিত এডিপি সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**২। আলোচ্যসূচি-২: রাজস্ব বাজেটের এপ্রিল ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা**

২০২৪-২৫ অর্থবছরে পরিচালন ব্যয় (রাজস্ব) বাজেটের অনুকূলে ৬০.০২ কোটি টাকা সংশোধিত বরাদ্দ রয়েছে। ছাড়কৃত অর্থের পরিমাণ ৫৯.১২ কোটি টাকা। এপ্রিল ২০২৫ খ্রি. পর্যন্ত ব্যয় ৩৮.১৭৪০ কোটি টাকা। যা ছাড়কৃত অর্থের ৬৪.৫৭% এবং বরাদ্দকৃত অর্থের ৬৩.৬০%।

**৩। আলোচ্যসূচি-৩: প্রকল্পসমূহের এপ্রিল ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা**

**৩.১ বিনা'র গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের এপ্রিল ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা**

বিনা'য় ২০২৪-২৫ অর্থবছরে বাস্তবায়নাধীন "বিনা'র গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের" অনুকূলে ৪৫.২২ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ছাড়কৃত অর্থের পরিমাণ ৩৩.০৮৫ কোটি টাকা। এপ্রিল ২০২৫ খ্রি. পর্যন্ত ব্যয় ১৯.৫৯ কোটি টাকা। যা ছাড়কৃত অর্থের ৫৯.২১% এবং বরাদ্দকৃত অর্থের ৪৩.৩২%।

**৩.২ তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের এপ্রিল ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা**

বিনা'য় ২০২৪-২৫ অর্থবছর বাস্তবায়নাধীন "তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের" অনুকূলে ১.৬৫ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ছাড়কৃত অর্থের পরিমাণ ১.১৯৯৮ কোটি টাকা। এপ্রিল ২০২৫ খ্রি. পর্যন্ত ব্যয় ১.১৯৯৮ কোটি টাকা। যা ছাড়কৃত অর্থের ১০০% এবং বরাদ্দকৃত অর্থের ৭২.৭২%।

**৩.৩ "পরমাণু কৌশলের মাধ্যমে হাওড়, চরাঞ্চল, লবণাক্ত ও পাহাড়ী এলাকা উপযোগী জলবায়ু পরিবর্তন সহনশীল জাত ও লাভজনক ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবন এবং ফসলের নিবিড়তা বৃদ্ধির মাধ্যমে ফসলের উৎপাদন এবং বিভিন্ন অঞ্চলে অভিযোজন প্রকল্প" এর এপ্রিল ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা**

বিনা'য় ২০২৪-২৫ অর্থবছরে বাস্তবায়নাধীন "পরমাণু কৌশলের মাধ্যমে হাওড়, চরাঞ্চল, লবণাক্ত ও পাহাড়ী এলাকা উপযোগী জলবায়ু পরিবর্তন সহনশীল জাত ও লাভজনক ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবন এবং ফসলের নিবিড়তা বৃদ্ধির মাধ্যমে ফসলের উৎপাদন এবং বিভিন্ন অঞ্চলে অভিযোজন প্রকল্প" এর অনুকূলে ৬.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ১ম, ২য় ও ৩য় কিস্তিসহ মোট ৪.৫০ কোটি টাকা ছাড় হয়েছে। এপ্রিল ২০২৫ খ্রি. পর্যন্ত ব্যয় ২.২৫৪০ কোটি টাকা, যা ছাড়কৃত অর্থের ৫০.০৯% এবং বরাদ্দকৃত অর্থের ৩৭.৫৭%।

**৩.৪ বিশ্ব ব্যাংক/ IFAD এর ঋণ অর্থায়নে "Establishment of Irradiation Center প্রকল্পের এপ্রিল ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা**

"Establishment of Irradiation Center" এর মোট প্রকল্প বরাদ্দ ১১৫.০০ কোটি টাকা। ২০২৪-২৫ অর্থ বছরে ১১.০০ কোটি টাকা ছাড়করণ হয়েছে। যার মধ্যে চায়না হতে প্রেরিত যন্ত্র ও আনুষাঙ্গিক মালামালের বীমা বাবদ ১.১১৫৯৬০৯ কোটি টাকা ব্যয় হয়েছে। এছাড়াও চট্টগ্রাম বন্দর হতে মালামাল সাইটে আনায়নের কার্যক্রমের জন্য C&F Agent নিয়োগের প্রক্রিয়া চলমান রয়েছে। বর্তমানে গামা সেন্টারের বাউন্ডারি ওয়াল ও বাংকার এর কাজ চলমান রয়েছে।

**৪। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:**

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৪.১ | বিনা'য় চলমান সকল প্রকল্প/কর্মসূচির খাতওয়ারী আর্থিক মাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ১ম কার্যদিবসে মহাপরিচালক মহোদয়ের নিকট প্রেরণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক |

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- |
| ৪.২ | "বিনা'র গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ" প্রকল্পের খাতওয়ারী বিস্তারিত খরচ বিবরণী প্রতি বৃহস্পতিবার মহাপরিচালক মহোদয়ের নিকট প্রেরণ করবেন। | প্রকল্প পরিচালক |
| ৪.৩ | সব প্রকল্পের / কর্মসূচির খাতওয়ারী বরাদ্দ ও খরচের হিসাব কার্যপত্রে প্রদর্শন করতে হবে। | প্রকল্প / কর্মসূচি পরিচালক |
| ৪.৪ | প্রকল্পের অধীনে বিনা'র সকল বিভাগের ক্রয় কার্যসমূহের (যন্ত্রপাতি, নির্মাণ ইত্যাদি) অগ্রগতি প্রতিবেদন প্রকল্পের পরিচালক বরাবর লিখিত আকারে জমা প্রদান বিষয়ক পত্রজারি করতে হবে। | প্রকল্প / কর্মসূচি পরিচালক |
| ৪.৫ | বিভিন্ন প্রকল্পের আওতায় বিনা'র উপকেন্দ্র ও আঞ্চলিক কেন্দ্রসমূহে সংগৃহীত জার্মপ্লাজম বিনা'র হেড অফিসে রেজিস্ট্রেশনের জন্য পত্রজারি করতে হবে। | ফোকাল পয়েন্ট, এসডিজি |
| ৪.৬ | "বিনা'র মৌলিক গবেষণা ও ভৌত অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্পটির অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা |
| ৪.৭ | "Beel and Saline Agriculture Research and Development" শীর্ষক কমিটি পুনরায় গঠন করা হয়।<br>১। ড. মোঃ হোসেন আলী, সিএসও (আরসি) – সভাপতি<br>২। ড. মোঃ বাবুল আক্তার, পিএসও – সদস্য<br>৩। ড. মোঃ হাসানুজ্জামান, পিএসও – সদস্য<br>৪। ড. মাহবুবুর রহমান খান, পিএসও – সদস্য সচিব | সভাপতি, ডিপিপি প্রণয়ন কমিটি |
| ৪.৮ | বিনা'র উদ্ভাবিত জাতসমূহের Impact Assessment Study করার জন্য "Returns of investment (RoI)" শীর্ষক গবেষণা কার্যক্রমটি রাজস্ব খাত হতে দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রধান, কৃষি অর্থনীতি বিভাগ |
| ৪.৯ | সরকারি খাতে উন্নয়ন ও প্রকল্প/কর্মসূচি গ্রহণ ও প্রণয়ন প্রক্রিয়ায় জনসম্পৃক্ততা নিশ্চিতকরণ | সভাপতি, ডিপিপি প্রণয়ন কমিটি |
| ৪.১০ | বিনা'য় চলমান প্রকল্পসমূহ হতে ক্রয়কৃত যন্ত্রপাতির বর্তমান অবস্থা সংক্রান্ত প্রতিবেদন সচিব বরাবর প্রেরণের উদ্দেশ্যে ৩ সদস্য বিশিষ্ট নিম্নোক্ত কমিটি গঠন করা হয়।<br>১। ড. মোঃ হাসানুজ্জামান, পিএসও – সভাপতি<br>২। ড. মাহবুবুর রহমান খান, পিএসও – সদস্য<br>৩। ড. মোঃ বাবুল আক্তার, পিএসও – সদস্য সচিব<br>উক্ত কমিটি মেশিনগুলো কোন সোর্স থেকে ক্রয় করা হয়েছে, কবে ক্রয় করা হয়েছে, কতো টাকা, কাজ ইত্যাদি তথ্য একটি নির্দিষ্ট ফরম্যাটে জুন মাসের মধ্যে জমা প্রদান করতে হবে। | সভাপতি, সংশ্লিষ্ট কমিটি |
| ৪.১১ | বিনা'য় চলমান প্রকল্পসমূহের কার্যক্রম ডিপিপি অনুসারে সম্পন্ন হয়েছে কিনা বিষয়টি যাচাইয়ের জন্য তদন্ত কমিটি গঠন করা হয়।<br>১। ড. মোঃ হাবিবুর রহমান, সিএসও – সভাপতি<br>২। ড. মোঃ নুরুন নবী মজুমদার, পিএসও – সদস্য<br>৩। ড. মাহবুবুর রহমান খান, পিএসও – সদস্য সচিব | সভাপতি, সংশ্লিষ্ট কমিটি |
| ৪.১২ | Plant Growth Regulators (PGR) স্বাস্থ্যের জন্য ক্ষতিকর কিনা সে বিষয়ক গবেষণার জন্য দেশের বাজারে বিদ্যমান ৩৫-৪০টি PGR বিনা'র ল্যাবে পরীক্ষা-নিরীক্ষার সক্ষমতা অর্জন করতে হবে। | পরিচালক (গবেষণা)/ বিভাগীয় প্রধান, ক্রপ ফিজিওলজি বিভাগ |
| ৪.১৩ | প্রকল্পের নিয়মিত মনিটরিং করতে হবে এবং মনিটরিং ক্যালেন্ডার তৈরি করে মহাপরিচালক বরাবর জমা দিতে হবে। | প্রকল্প পরিচালক/উপ-প্রকল্প পরিচালক |
| ৪.১৪ | ২০২৪-২৫ অর্থবছরের গবেষণা কর্মসূচিতে Beel area এর জন্য বর্ষা মৌসুমে সবজি উৎপাদনের জন্য Vertical পদ্ধতিতে একটি পরীক্ষণ ও Floating পদ্ধতিতে ধান উৎপাদনের জন্য একটি পরীক্ষণ এবং আসন্ন রবি মৌসুমে Saline area এর জন্য Community Pondings পদ্ধতি ব্যবহার করে একটি পরীক্ষণ স্থাপন করতে হবে। | প্রধান, কৃষি প্রকৌশল, মৃত্তিকা বিজ্ঞান ও কৃষিতত্ত্ব বিভাগ |
| ৪.১৫ | Community farming, Vertical farming in Beel area এবং Floating Agriculture এ ধান চাষের গবেষণা কার্যক্রম এর ব্যবস্থা দ্রুত গ্রহণ করতে হবে। | প্রধান, কৃষি প্রকৌশল বিভাগ |
| ৪.১৬ | সিসিটিভি ক্যামেরা মনিটরিং কোন কোন জায়গা থেকে হচ্ছে তা মহাপরিচালক বরাবর পেশ করতে হবে। | প্রধান, ইলেকট্রনিক্স শাখা |
| ৪.১৭ | সেমিনার নিয়মিত চালু রাখতে হবে। যিনি সেমিনার দিবেন তার সম্মানীর ব্যবস্থা করতে হবে। | সিএসও (আরসি)/ উপ-পরিচালক (অর্থ) |
| ৪.১৮ | প্রত্যেক বিভাগীয় প্রধানের নামে এ্যাকাউন্ট করে জরুরী ভিত্তিতে প্রকল্পের টাকা উক্ত এ্যাকাউন্টে প্রেরণ করতে হবে। উপ-পরিচালক (প্রশাসন) পত্রজারী করবেন। | প্রকল্প পরিচালক/ডিপিডি |

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৪.১৯ | পরিচালক (প্রশি. ও পরি.) এর নেতৃত্বে নিম্নোক্ত কমিটির মাধ্যমে আগামী জুন মাসের মধ্যে সকল প্রশিক্ষণ শেষ করার ব্যবস্থা নিতে হবে।<br>১। পরিচালক (প্রশি. ও পরি.) – সভাপতি<br>২। বিভাগীয় প্রধান, এআরই বিভাগ – সদস্য<br>৩। প্রকল্প পরিচালক – সদস্য<br>৪। উপ-পরিচালক (অর্থ) – সদস্য<br>৫। মো. কামরুল ইসলাম খান, প্রশিক্ষণ কর্মকর্তা – সদস্য সচিব | সংশ্লিষ্ট কমিটির সভাপতি |
| ৪.২০ | এডিপি সভায় সকল কমিটির সভাপতি এবং সদস্য সচিব উপস্থিত থাকতে হবে। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিববৃন্দ |

**৫। কৃষি মন্ত্রণালয়ের আওতায় ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের এপ্রিল ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার গৃহিত সিদ্ধান্ত:**

| ক্র. নং | সিদ্ধান্ত | বিনা কর্তৃক গৃহীত পদক্ষেপ |
|---|---|---|
| ৫.১ | কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন (১ম সংশোধিত)' প্রকল্পের আওতায় পিঁয়াজ সংরক্ষণ মডেল ঘর দ্রুত নির্মাণ করে প্রকল্পের অগ্রগতি বৃদ্ধি করতে হবে; | - |
| ৫.২ | আসন্ন বর্ষা মৌসুমে বৃষ্টিপাতের প্রতিকূলতাকে সামনে রেখে সকল দপ্তরকে স্ব-স্ব ক্ষেত্রে আগাম কৃষি ব্যবস্থাপনা করতে হবে; | আসন্ন বর্ষা মৌসুমে বৃষ্টিপাতের প্রতিকূলতাকে সামনে রেখে নির্দেশনা মোতাবেক আগাম কৃষি ব্য বস্থাপনা করা হবে। |
| ৫.৩ | প্রকল্পের সমস্যা ও চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে এবং তা সমাধানের মাধ্যমে প্রকল্পের শতভাগ অগ্রগতি নিশ্চিত করতে হবে; | প্রকল্পের সমস্যা ও চ্যালেঞ্জসমূহ চিহ্নিত এবং তা সমাধানের মাধ্যমে প্রকল্পের শতভাগ অগ্রগতি নিশ্চিত করা হবে। |
| ৫.৪ | কৃষি ক্ষেত্রে উদ্ভূত যেকোনো সমস্যা দ্রুত নিরসনের লক্ষ্যে কৃষকদের সাথে সরাসরি কথা বলে সমস্যা সমাধান করতে হবে; | কৃষি ক্ষেত্রে উদ্ভূত যেকোনো সমস্যা দ্রুত নিরসনের লক্ষ্যে কৃষকদের সাথে সরাসরি কথা বলে সমস্যা সমাধান করা হচ্ছে। |
| ৫.৫ | যেসকল প্রকল্পের একক দরপত্র ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে তা গ্রহণের যৌক্তিক ব্যাখ্যা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং ভবিষ্যতে মন্ত্রণালয়কে অবহিত ব্যতিরেকে কোনো একক দরপত্র গ্রহণ করা যাবেনা; | - |
| ৫.৬ | প্রকল্পের মাঠ পর্যায়ের সকল কার্যক্রম মনিটরিং এর বিষয়ে জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদেরকে সম্পৃক্ত করতে হবে; | - |
| ৫.৭ | কৃষি মন্ত্রণালয়ের প্রকল্পসমূহের মাঠ পর্যায়ের সম্প্রসারণ মনিটরিং কার্যক্রম বাস্তবায়নে উপসহকারী কৃষি কর্মকর্তাদেরকে সম্পৃক্ত করে সম্পন্ন করতে হবে, এক্ষেত্রে অন্য কোনো বেসরকারি প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করা একান্ত অপরিহার্য হলে প্রচলিত বিধিবিধান অনুসরণ করতে হবে। | - |

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মো: আবুল কালাম আজাদ)
মহাপরিচালক